

শিক্ষার্থীদের জন্য কাতার এয়ারওয়েজের বিশেষ ব্যাগেজ সুবিধা

- A Monitor Desk Report

Date: 13 March, 2025



দোহা : আন্তর্জাতিক শিক্ষার্থীদের জন্য বিশেষ সুবিধা ঘোষণা করেছে কাতার এয়ারওয়েজ। তারা একজন সাধারণ যাত্রী থেকে অতিরিক্ত ১০ কেজি ব্যাগেজ নেওয়ার সুবিধা পাবেন।

বুধবার (১২ মার্চ) কাতার এয়ারওয়েজ জানায়, শিক্ষার্থীরা এখন ১০ কেজি অতিরিক্ত ব্যাগেজ অথবা ১টি অতিরিক্ত ব্যাগ (শুধুমাত্র নির্দিষ্ট বুটে) বহনের সুযোগ পাবেন।

এয়ারলাইন্সটির পক্ষ থেকে জানানো হয়েছে, শিক্ষার্থীরা যেন তাদের যাত্রায় আরও বেশি প্রয়োজনীয় সামগ্রী নিতে পারেন, তাই এই বিশেষ সুবিধা চালু করা হয়েছে। অফারটি পেতে ১৮ থেকে ৩০ বছর বয়সী হতে হবে। এছাড়াও শিক্ষার্থীদের চেক-ইনের সময় বৈধ শিক্ষার্থী পরিচয়পত্র এবং স্টুডেন্ট ভিসা প্রদর্শন করতে হবে।

কাতার এয়ারওয়েজের এই উদ্যোগ শিক্ষার্থীদের শিক্ষাজীবনের ভ্রমণকে আরও স্বাচ্ছন্দ্যময় করবে বলে মনে করছেন সংশ্লিষ্টরা।

বিস্তারিত জানতে কাতার এয়ারওয়েজের ওয়েবসাইট ভিজিট করার আহ্বান জানিয়েছে প্রতিষ্ঠানটি।

-B